তারিখ 01 DEC 1989
পৃষ্ঠা 2 কলাম 2

দৈনিক সংবাদ

13

# দিনাজপুরে সাতশ' বেসরকারী প্রাথমিক শিক্ষক ভাতা পাচ্ছেন না

বীরগঞ্জ, ২৯শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।--দিনাজপুর জেলার ৭৩৮ জন প্রাথমিক শিক্ষক দীর্ঘকাল ধরে বেগার খাটছেন।

এ সব শিক্ষক দিনাজপুরের ১৯২টি প্রাথমিক বিদ্যালয়ে কাজ করছেন। ১শ ৯২টি বেসরকারী বিদ্যালয়ের ছাত্রছাত্রীর সংখ্যা হচ্ছে ৪৪ হাজার ৭শ' ২০ জন। গড়ে প্রতিটি বিদ্যালয়ে ২শ' ৫০ জন করে ছাত্রছাত্রী রয়েছে।

স্বাধীনতার আগে অনেক বিদ্যালয় নির্মিত হয়েছে, কিন্তু অজ্ঞাত কারণে সরকারীকরণ করা হয়নি। এ সকল বিদ্যালয় স্থানীয় জনসাধারণের সহানুভূতির ওপর নির্ভরশীল। এসব বিদ্যালয়ের বেগার খাটতে খাটতে অনেক শিক্ষক বিদ্যালয় ছেড়ে চলে গেছেন, এমনকি মৃত্যুবরণ করেছেন। "সরকারীকরণ" হবে এ আশায় এখনো বিনা পয়সায় শিক্ষকতা করে আসছেন, তাদের চাকরির বয়সও ইতিমধ্যেই পার হয়ে গেছে। তাদের অন্য কোথাও চাকরির সুযোগ আর নেই। যার ফলে ৭শ' ৩৮ জন শিক্ষকের ভবিষ্যৎ অনিশ্চিত। রেজিষ্ট্রেশনপ্রাপ্ত বিদ্যালয়গুলোতে "ভাতা" প্রদানের বিধান থাকলেও দীর্ঘকাল ধরে এ সকল শিক্ষক তাদের ভাতা পাচ্ছেন না।